অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ত্রাণ কর্মসূচি- ১ শাখা
www.modmr.gov.bd

নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.২৩৪ তারিখঃ ০৭-০৭-২০২০ খ্রিঃ

**বিষয়ঃ পবিত্র ঈদ-উল-আযহা, ২০২০ উপলক্ষে বন্যাক্রান্ত/ অন্যান্য দুর্যোগক্রান্ত/ দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারের জন্য উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০.১৮৪ তারিখঃ ০২-০৭-২০২০ খ্রিঃ।

২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচীর আওতায় সারাদেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলা এবং ক, খ ও গ ক্যাটাগরীর ৩২৮টি পৌরসভার অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য পরিবার প্রতি ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩টি ভিজিএফ কার্ডের বিপরীতে ৮৭,৭৯২.০৩০ (সাতাশি হাজার সাতশত বিরানব্বই দশমিক শূণ্য তিন শূণ্য) মেঃ টন এবং পৌরসভার জন্য ১২,২৭,৬৬৬টি ভিজিএফ কার্ডের বিপরীতে ১২,২৭৬.৬৬০ (বার হাজার দুইশত ছিয়াত্তর দশমিক ছয় ছয় শূণ্য) মেঃ টন সর্বমোট (৮৭,৭৯,২০৩+১২,২৭,৬৬৬)=১,০০,০৬,৮৬৯টি কার্ডের বিপরীতে (৮৭,৭৯২.০৩০+ ১২,২৭৬.৬৬০)=১,০০,০৬৮.৬৯ (এক লক্ষ আটষট্টি দশমিক ছয় নয়) মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দের মঞ্জুরী জ্ঞাপন করছি। উক্ত মঞ্জুরীকৃত ভিজিএফ চাল নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে বিতরণ করতে হবে এবং ২৮-০৭-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন করতে হবে।

২। উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।

৩। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবেঃ

ক. আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd ওয়েবসাইটে লগ ইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে;

খ. দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ দুঃস্থ/ অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে;

গ. নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/ পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই;
২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল;
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা রয়েছে;
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি;
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে;
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

ঘ. ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

অঃপৃঃদ্রঃ/২

৪। মঞ্জুরীকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালনপূর্বক বিলি/ বন্টন করতে হবে ঃ-

ক. জেলা/ উপজেলা খাদ্যগুদাম হতে বিতরণ কেন্দ্র পর্যন্ত চাল পৌঁছানোর পরিবহণ ও আনুষাঙ্গিক খরচ সরকারী খাত হতে বহণ করতে হবে;

খ. ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

৫। উক্ত মঞ্জুরী অনুযায়ী জেলা প্রশাসকগণের বরাবর পরিবহণ ও আনুষাংগিক খরচসহ প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারী করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৬। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৩-ভিজিএফ কার্যক্রম-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল) খাত হতে নির্বাহ করা হবে।

৭। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ উপজেলা ও পৌরসভাওয়ারী
বিভাজন-৯ (নয়) পাতা।

স্বাক্ষরিত/-
( মোঃ শাহজাহান )
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
sasr1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.২৩৪/১(৯০) তারিখঃ ০৭-০৭-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাওঁ, ঢাকা।
২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাওঁ, ঢাকা।
৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাওঁ, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
৬। মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, ১৬ আঃ গনি রোড,ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার......................(সকল)।
৮। জেলা প্রশাসক............................(সকল)
৯। উপ-সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (পরিবহণ ও আনুষাংগিক খরচের বরাদ্দ ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। সিষ্টেম এনালিষ্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তাকে এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হল।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা (পিআরও), দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয়।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, NDRCC দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত আদেশটি মহাপরিচালক, বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৫। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয়।

০৭/০৭/২০২০
(মোঃ শাহজাহান )
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)।